

বিনোদন

শাকিবের নতুন সিনেমা 'নিঃস্ব'

প্রতিবেদক: বিনোদন ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সিনেমাটিতে শাকিব খানের উপস্থিতি নিশ্চিত হলেও তার বিপরীতে নায়িকা হিসেবে কে থাকছেন, তা এখনো চূড়ান্ত হয়নি। ২০২৭ সালের ঈদুল ফিতরে সিনেমাটি মুক্তির পরিকল্পনা করা হচ্ছে- এমনটাই শোনা যাচ্ছে।

সম্প্রতি শাকিব খান নিজের সামাজিক মাধ্যমে একটি ছবি পোস্ট করে এই নতুন প্রজেক্টের ইঙ্গিত দেন। ছবিতে নির্মাতা হৃদয় এবং প্রযোজক শাহরিন সুলতানা সুমির সঙ্গে তাকে দেখা যায়। ক্যাপশনে শাকিব লিখেছিলেন, 'বরবাদ' টিম আবার ফিরছে। আবারও ইতিহাস তৈরি করা যাক।

সূত্র মতে, 'বরবাদ'-এর মতো নতুন এই সিনেমাটিও প্রযোজনা করছে রিয়েল এনার্জি প্রোডাকশন। প্রযোজক সুমি এর আগে জানিয়েছিলেন, শিগগিরই আনুষ্ঠানিকভাবে ছবিটির বিস্তারিত ঘোষণা দেওয়া হবে এবং এরপরই শুরু হবে শুটিং।

এর আগে গত বছরের রোজার ঈদে মুক্তি পাওয়া 'বরবাদ' সিনেমাটি ঢালিউডে ব্যাপক সাফল্য পায়। শাকিব খান ও ওপার বাংলার অভিনেত্রী

ইধিকা পাল অভিনীত সেই ছবিটি বক্স অফিসে ৭৫ কোটি টাকারও বেশি ব্যবসা করেছিল বলে নির্মাতারা দাবি করেন।

এ বিভাগের আরও খবর



একসময় গরিব ছেলে পছন্দ ছিল: প্রভা
অভিনেত্রী সাদিয়া জাহান প্রভাকে এখন পর্দায় কালোভদ্রে দেখা যায়। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিতই সরব তিনি।
বিভিন্ন পোস্টের মাধ্যমে অনুসারীদের...



বিমানবন্দরে গ্রেপ্তার অপু বিশ্বাসের ঐশিকার নায়ক
হত্যা মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশ গ্রেপ্তারচাকা প্রতিনিধি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যা
মামলায় চিত্রনায়ক মরতুজা পলাশকে...



এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে: জুয়া নিয়ে ভিডিও বানিয়ে প্রশংসায় চমক
এক হাজার টাকায় শুরু, শেষটা নিঃস্ব হয়ে! সহজে টাকা আয়ের রত্নিন স্বপ্নে অনলাইন জুয়ার ফাঁদে পড়েছিলেন শিহাব নামের এক
যুবক। হারানো টাকা ফেরত পাওয়ার...



ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত
অভিনেত্রী আজমেদী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত করেকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/entertainment/shakiber-ntun-sinema-nisb>